দৈনিক ইত্তেফাক

তারিখ ... DEC. 1 9 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬

# বি সি এস সাধারণ শিক্ষা প্রমোশন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত

বিসিএস সাধারণ শিক্ষা প্রমোশন সমন্বয় কমিটির এক সভা গত শুক্রবার সকালে সরকারী বিজ্ঞান কলেজে অনুষ্ঠিত হয়। কমিটির আহ্বায়ক মোঃ সাদত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় দেশের সরকারী কলেজ ও সংশ্লিষ্ট অফিস সমূহের শিক্ষক প্রতিনিধিবৃন্দ বক্তব্য রাখেন। সাধারণ শিক্ষা ক্যাডারের নিয়োগ-পদোন্নতির ক্ষেত্রে সৃষ্ট জটিলতার কারণে দীর্ঘদিন যাবৎ পদোন্নতি না হওয়ায় উপস্থিত শিক্ষকগণ ক্ষোভ প্রকাশ করেন। তাহারা বলেন, প্রায় চার বৎসর যাবৎ পদোন্নতি না হওয়ায় অনেকেই সহ-যোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক এবং প্রভাষক পদে অবসরগ্রহণ করিতে বাধ্য হইয়াছেন। এমন কি কেহ কেহ প্রাপ্য পদোন্নতি না পাইয়াই মারা গিয়াছেন। প্রতিনিধিবৃন্দ বিরাজমান জটিলতাসমূহ নিরসন করিয়া যুক্তিসঙ্গত একটি নীতিমালার ভিত্তিতে অনতিবিলম্বে পদোন্নতি প্রক্রিয়া শুরু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

সভায় শিক্ষক প্রতিনিধিদের মধ্যে সেলিমা খাতুন, শাহ সুফিয়ান, সাইফুল ইসলাম, আবু ইউসুফ, আবদুর রশীদ, জহিরুল হক, সাহানা আজিম, ফিরোজা সুলতানা, সাঈদ আহম্মেদ, আক্তারুজ্জামান, আবদুর রাজ্জাক মীর, মোঃ আবদুস সালেক, আবদুর রহীম, মোঃ ইউসুফ প্রমুখ বক্তব্য রাখেন। —প্রেস বিজ্ঞপ্তি